দৈনিক জনকণ্ঠ

তারিখ 19 JUN 1997
পৃষ্ঠা ১৫ কলাম 2

৪১

### শিক্ষামন্ত্রীর সাথে শিক্ষক সমিতি ফেডারেশন প্রতিনিধি

# সরকারী শিক্ষকদের বেতনভাতা বৃদ্ধির সাথে সাথে বেসরকারী শিক্ষকদেরও বেতনভাতা বাড়বে

শিক্ষামন্ত্রী এএসএইচকে সাদেক বলেছেন, সরকারী শিক্ষকদের বেতনভাতা বৃদ্ধির সঙ্গে স্বয়ংক্রিয়ভাবে বেসরকারী শিক্ষকদের বেতনভাতা বৃদ্ধি করা হবে। তিনি বুধবার ঢাকায় বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের একটি প্রতিনিধি দলকে এ আশ্বাস দেন।

বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের সেক্রেটারি জেনারেল অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ উক্ত প্রতিনিধি দলের নেতৃত্ব দেন।

এএসএইচকে সাদেক বেসরকারী স্কুল, কলেজ ও মাদ্রাসার শিক্ষকদের বেতনভাতা স্বয়ংক্রিয়ভাবে বৃদ্ধি করা হবে বলে ইতোপূর্বে উল্লেখ করেছেন। এ ব্যাপারে যথাসময়ে আনুষ্ঠানিক সরকারী ঘোষণা দেয়া হবে বলে তিনি প্রতিনিধি দলকে জানান। শিক্ষামন্ত্রী জাতীয়কৃত কলেজের শিক্ষকদের পদোন্নতিসহ পেশাগত বিভিন্ন সমস্যা সমাধানেরও আশ্বাস দেন।

প্রতিনিধি দলটি সরকারী ও বেসরকারী স্কুল-কলেজের শিক্ষকদের বিষয়ভিত্তিক প্রশিক্ষণ, সুষ্ঠুভাবে পরীক্ষায় দায়িত্ব পালন, পদোন্নতি, স্কুল, কলেজ ও মাদ্রাসার শিক্ষকদের বেতন স্বয়ংক্রিয়ভাবে বৃদ্ধি ও শিক্ষার মানোন্নয়ন সম্পর্কে মন্ত্রীর সঙ্গে আলোচনা করেন। শিক্ষক প্রতিনিধি দলটি শিক্ষা ক্ষেত্রে বিরাজিত অব্যবস্থা নিরসনে গঠনমূলক সরকারী উদ্যোগের প্রতি সহযোগিতার অঙ্গীকার ব্যক্ত করেন।

বাংলাদেশ সরকারী কলেজ শিক্ষক পরিষদের সভাপতি অধ্যক্ষ আলী আকবর খান, বাংলাদেশ শিক্ষক সমিতির সভাপতি মোঃ শহীদুল্লাহ এবং বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতির যুগ্ম সাধারণ সম্পাদক অধ্যাপক আসাদুল হক প্রমুখ প্রতিনিধি দলে অন্তর্ভুক্ত ছিলেন। খবর বিজ্ঞপ্তির।